ভোটের গাড়ি আজ মেহেরপুরে

‘দেশের চাবি আপনার হাতে‘ স্লোগানে গণভোট ও জাতীয় নির্বাচন সামনে রেখে প্রচারণা চালিয়ে যাওয়া ‘ভোটের গাড়ি’ আজ মেহেরপুরে।

মেহেরপুর শহরের ড. শহীদ সামসুজ্জোহা পার্কে এ গাড়ির মাধ্যমে আজ রবিবার বিকাল ৩ টা থেকে শুরু হয়ে সন্ধা ৬ টা পর্যন্ত চলবে এ প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী।

মেহেরপুর জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর ভোটের গাড়ির প্রচারণা কাযর্যক্রমের উদ্বোধণ করেন। এসময় পুলিশ সুপার উজ্জল কুমার রায়, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, জেলা নির্বাচন কর্মকর্তা মো. এনামুল হক, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম উপস্থিত ছিলেন। মেহেরপুরের বিভিন্ন সরকারি বেসরকারি দপ্তরের কর্মকর্তা, কর্মচারী ও সাধারণ ভোটাররা প্রচার কার্যক্রম উপভোগ করেন।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বক্তব্য ছাড়াও ‘ভোটের গাড়ি’র মাধ্যমে প্রদর্শিত প্রামাণ্য চলচ্চিত্রের মধ্যে রয়েছে জুলাই গণ অভ্যুত্থান, জুলাই যোদ্ধা, আবরার ফাহাদ হত্যা, ফেলানী হত্যাকাণ্ড, প্রবাসীদের ভোট, গণভোটের মাধ্যমে সংস্কার ইত্যাদি।

আসন্ন গণভোট ও জাতীয় নির্বাচন সামনে রেখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ‘সুপার কারাভান’ নামে ১০টি গাড়ির বহর নিয়ে গত ২২ ডিসেম্বর এ যাত্রা শুরু করে। ৩০ ডিসেম্বর মেহেরপুরে প্রদর্শণী হওয়ার কথা থাকলেও রাষ্ট্রিয় শোকের কারণে তা স্থগিত করা হয়।

পরবর্তিতে ৪ জানুয়ারি রবিবার প্রদর্শণী করা হয়। তীব্র শীত উপেক্ষা করেও দর্শনার্থীরা ভোটের গাড়ির বিভিন্ন কার্যক্রম ও চলচ্চিত্র উপভোগ করেন।

ভোটের গাড়ির প্রচারণা কার্যক্রম উদ্বোধনকালে মেহেরপুর জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর বলেন, “বিগত তিনটি সংসদ নির্বাচনে মানুষজন স্বতস্ফুর্তভাবে ভোটাধিকার প্রয়োগ করতে পারেনি। কিন্তু এবারের নির্বাচনে আপনারা আপনাদের ভোটাধিকার এবং গণভোটে মতামত প্রদান করতে করবেন। যদি আপনারা সংস্কারের পক্ষে থাকেন, যদি আপনারা নতুন বাংলাদেশের পক্ষে থাকেন তবে ‘হ্যা’ ভোট দিবেন। আর যদি মনে করেন বাংলাদেশে পিছিয়ে যাক, সংস্কারের প্রয়োজন নাই

তাহলে আপনারা ‘না’ভোট প্রয়োগ করবেন।”